রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ১৩, ২০২৬**

[ অর্থের বিনিময়ে জারীকৃত নোটিশ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**
**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন**
**১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৪ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং ৩২০-আইন/২০২৬।**—ইনস্টিটিউশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ৫০, ধারা ৬ এর দফা (গ) ও (চ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন গবেষণা প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **"আইন"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন);

(খ) **"ইনস্টিটিউশন"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন;

(গ) **"পরিষদ"** অর্থ আইনের অধীন গঠিত পরিষদ;

(ঘ) **"মহাপরিচালক"** অর্থ ইনস্টিটিউশনের মহাপরিচালক;


মূল্য : টাকা ৮.০০

(ঙ) **"রিসার্চ উইং"** অর্থ ইনস্টিটিউশনের রিসার্চ উইং;

(চ) **"শিল্প প্রতিষ্ঠান"** অর্থ ইনস্টিটিউশন হইতে মান সনদ গ্রহণ করিয়াছে এইরূপ শিল্প প্রতিষ্ঠান; এবং

(ছ) **"উইং প্রধান"** অর্থ রিসার্চ উইং এর পরিচালক।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **গবেষণা কার্যক্রমের উদ্দেশ্য।**—ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণা কার্যক্রমের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) পণ্যের মান নির্ধারণ, পরীক্ষণ পদ্ধতি উদ্ভাবন, সঠিক ওজন ও পরিমাপ নিশ্চিতকরণ এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য বিষয়াবলি বাস্তবায়ন করা;

(খ) ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত নিজস্ব গবেষণার পাশাপাশি দেশের এবং দেশের বাহিরের অন্যান্য গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ও শিল্প প্রতিষ্ঠানের সহিত যৌথ গবেষণা পরিচালনা করা; এবং

(গ) ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণা হইতে প্রকাশিত প্রবন্ধ বা উদ্ভাবিত প্রক্রিয়া (process) বা পদ্ধতি (system) বা ফলাফল (outcome) ব্যবহার বা বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

৪। **গবেষণা কার্যক্রমের পরিধি।**—ইনস্টিটিউশনের গবেষণা কার্যক্রমের পরিধি হইবে মান প্রণয়ন, মান হালনাগাদকরণ ও মান নিয়ন্ত্রণ (পণ্য পরীক্ষণ, সার্টিফিকেশন, ইত্যাদি) এবং সঠিক ওজন ও পরিমাপ নিশ্চিতকরণ বিষয়ে গবেষণা পরিচালনা করা।

৫। **গবেষণার প্রস্তাব আহ্বান।**—ইনস্টিটিউশন, প্রতি অর্থবৎসরের ভিত্তিতে, নূতন গবেষণা প্রস্তাব আহ্বান করিতে পারিবে।

৬। **গবেষণা কার্যক্রম পরিচালনা।**—(১) সংশ্লিষ্ট ক্ষেত্রে দক্ষতাসম্পন্ন কর্মকর্তা বা বিজ্ঞানী বা প্রকৌশলী যাহারা ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদমর্যাদাসম্পন্ন হইবে, তাহারা **পরিশিষ্ট-"ক"** এ বর্ণিত ছক অনুযায়ী গবেষণা প্রস্তাব উইং প্রধান এর নিকট দাখিল করিতে পারিবেন এবং উক্ত গবেষণা প্রস্তাব আইনের ধারা ৬ এ উল্লিখিত ইনস্টিটিউশনের কার্যাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বা বিদেশি গবেষক বা শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের ক্ষেত্রে উপরিবর্ণিত পদমর্যাদার বিষয়টি প্রযোজ্য হইবে না।

ব্যাখ্যা।—দক্ষতাসম্পন্ন কর্মকর্তা অর্থে যেকোনো কর্মকর্তাসহ ইনস্টিটিউশনের উইং বা গবেষণাগারে কর্মরত ব্যক্তিবর্গও অন্তর্ভুক্ত হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত গবেষণা প্রস্তাব **পরিশিষ্ট-"খ"** এ উল্লিখিত গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক কর্তৃক পরিষদ বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে।

(৩) ইনস্টিটিউশন একক বা যৌথভাবে গবেষণা কার্য পরিচালনা করিতে পারিবে এবং যৌথ গবেষণায় ১ (এক) জন প্রধান গবেষক থাকিবেন যিনি গবেষকদলের ঐকমত্যের ভিত্তিতে উক্ত দলের প্রধান হইবেন এবং উক্ত যৌথ গবেষণার ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) জন সহযোগী গবেষক থাকিতে পারিবেন।

(৪) ইনস্টিটিউশন, বিশেষ ক্ষেত্রে, দেশের এবং দেশের বাহিরের অন্যান্য গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা শিল্প প্রতিষ্ঠানের সহিত পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যৌথ গবেষণা পরিচালনা করিতে পারিবে এবং এক্ষেত্রে, গবেষণা কার্যক্রমে সর্বোচ্চ ৮ (আট) জন গবেষক থাকিবেন এবং তন্মধ্যে ইনস্টিটিউশন বহির্ভূত অন্যূন ২ (দুই) জন গবেষক থাকিবেন।

(৫) **পরিশিষ্ট-"গ"** এ উল্লিখিত গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটি, গবেষণার অগ্রগতি মূল্যায়নের জন্য ৬ (ছয়) মাসে অন্যূন ১ (এক) টি সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করিবে, এবং গবেষণা কর্মের মূল্যায়ন করিবে এবং উক্ত কমিটি, প্রয়োজনে, এই কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

(৬) কোনো গবেষণার মেয়াদ বর্ধিতকরণ বা নূতন সদস্য অন্তর্ভুক্তকরণের প্রয়োজন হইলে গবেষণার মেয়াদ শেষ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে গবেষক বা গবেষকদল যৌক্তিক কারণসহ মহাপরিচালক বরাবর আবেদন করিবেন।

(৭) মহাপরিচালক উপ-প্রবিধান (৬) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর উহা **পরিশিষ্ট-"গ"** এ উল্লিখিত গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিবেন এবং কমিটির সুপারিশের ভিত্তিতে উক্ত মেয়াদ বর্ধিতকরণ বা নূতন সদস্য অন্তর্ভুক্তকরণের অনুমোদন প্রদান করিতে পারিবেন।

(৮) কমিটিতে বহিঃসদস্য থাকিলে, অন্যূন ১ (এক) জন বহিঃসদস্যের উপস্থিতি ব্যতিরেকে সভার কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

৭। **গবেষণালব্ধ প্রক্রিয়া বা পদ্ধতি বা ফলাফল ইনস্টিটিউশনে ব্যবহার।**—(১) গবেষণা কার্য হইতে প্রাপ্ত প্রক্রিয়া (process) বা পদ্ধতি (system) বা ফলাফল (outcome) ইনস্টিটিউশনে ব্যবহারের জন্য পূর্ণাঙ্গ প্রস্তাব উইং প্রধান বরাবর পেশ করিতে হইবে এবং উইং প্রধান উক্ত প্রস্তাবটি গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিবেন।

(২) উইং প্রধান গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটির সুপারিশসহ গবেষণার মাধ্যমে প্রাপ্ত প্রক্রিয়া (process) বা পদ্ধতি (system) বা ফলাফল (outcome) ইনস্টিটিউশনে ব্যবহারের নিমিত্ত মহাপরিচালকের নিকট পেশ করিবে এবং মহাপরিচালক অনুমোদন করিলে উহা পরিষদে উপস্থাপন করিতে হইবে এবং পরিষদ কর্তৃক গৃহীত হইলে উক্ত প্রক্রিয়া (process) বা পদ্ধতি (system) বা ফলাফল (outcome) ইনস্টিটিউশনে ব্যবহার করা যাইবে।

৮। **স্বত্ব সংরক্ষণ।**—ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণার মাধ্যমে উদ্ভাবিত প্রক্রিয়া (process) বা পদ্ধতি (system) বা ফলাফল (outcome) এর যাবতীয় স্বত্ব ইনস্টিটিউশনের বলিয়া গণ্য হইবে।

৯। **প্রকাশনা ও স্বীকৃতি।**—(১) গবেষক বা গবেষকদল, গবেষণা কার্য হইতে প্রকাশিত গবেষণা প্রবন্ধ (Research Article) প্রকাশনার পর রিসার্চ উইং কে অবহিত করিবে এবং গবেষণা প্রবন্ধ প্রকাশনায় ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণা হিসাবে স্বীকৃতি (Acknowledgement) থাকিতে হইবে।

(২) গবেষণা প্রবন্ধ Peer Reviewed Journal (আন্তর্জাতিকভাবে Indexed) বা Conference Proceedings এ প্রকাশনা বা উপস্থাপন সংক্রান্ত ব্যয়ভার পরিষদের অনুমোদন সাপেক্ষে ইনস্টিটিউশন বহন করিবে।

১০। **দেশি-বিদেশি অর্থায়নে গবেষণা পরিচালনা।**—দেশি-বিদেশি, সরকারি-বেসরকারি অর্থায়নে গবেষণা পরিচালনা করিবার যাবতীয় কার্য এতদ্‌সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই কমিটির সুপারিশ ও পরিষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে পরিচালিত হইবে।

১১। **প্রশংসনীয় বা অসাধারণ কর্ম।**—ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণার মাধ্যমে প্রাপ্ত যেকোনো উদ্ভাবন ইনস্টিটিউশনে ব্যবহারের নিমিত্ত পরিষদ কর্তৃক গৃহীত হইলে এবং প্রবিধান ৯ এ বর্ণিত স্বীকৃতির ভিত্তিতে গবেষণা পত্র প্রকাশিত হইলে উহা প্রশংসনীয় বা অসাধারণ কর্মরূপে বিবেচনা করা যাইবে।

১২। **গবেষণায় চৌর্যবৃত্তির ক্ষেত্রে ব্যবস্থা।**—(১) গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটি এই প্রবিধানমালার অধীন পরিচালিত যেকোনো গবেষণার চৌর্যবৃত্তি (Plagiarism) অথবা কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) এর ব্যবহার পরীক্ষা করিবে এবং গবেষণায় চৌর্যবৃত্তি (Plagiarism) অথবা কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) এর ব্যবহার প্রমাণিত হইলে প্রচলিত আইন অনুযায়ী উক্ত গবেষক বা গবেষকদলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) কোনো গবেষক বা গবেষকদলের বিরুদ্ধে গবেষণায় চৌর্যবৃত্তি (Plagiarism) অথবা কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) এর ব্যবহার প্রমাণিত হইলে উক্ত গবেষক বা গবেষকদল ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত যেকোনো গবেষণায় মনোনয়নের অযোগ্য হইবেন।

১৩। **আর্থিক সুবিধাদি, ইত্যাদি।**—(১) ইনস্টিটিউশন কর্তৃক পরিচালিত গবেষণা বা অন্যান্য গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউটের সহিত যৌথ গবেষণার ক্ষেত্রে গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে পরিষদ গবেষক বা গবেষকদলের প্রত্যেক সদস্যের জন্য বিশেষ আর্থিক প্রণোদনা প্রদান করিতে পারিবে।

(২) গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই কমিটি ও গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটি বা এতদ্‌সংক্রান্ত যেকোনো কমিটির কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত প্রত্যেক সদস্য পরিষদ কর্তৃক অনুমোদিত আর্থিক সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই প্রবিধানমালা কার্যকর হইবার পর ইনস্টিটিউশন, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**পরিশিষ্ট-"ক"**

**[প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (১) দ্রষ্টব্য]**

**গবেষণা প্রস্তাব তৈরির ছক**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**
**বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন**
**মান ভবন, ১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮**
www.bsti.gov.bd

**Research Proposal**

| Sl. No. | Title | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 1. | Research Idea (Probable Title) * | |
| 2. | Back ground | |
| 3. | Justification* | |
| 4. | Objectives of the Study* | |
| 5. | Research Methodology* | |
| 6. | Expected Results* | |
| 7. | Major Observables | |
| 8. | Scope of the Study | |
| 9. | Tentative Time Frame* | |
| 10. | Estimated Budget<br>(Budget Summary) * | |
| 11. | Conclusion/Special notes | |

*Mandatory Field.

**Research Team Details:**

| Sl. No. | Name and Designation | Institution | Signature |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 1. | | | |
| 2. | | | |
| 3. | | | |

**পরিশিষ্ট-"খ"**

**[প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (২) দ্রষ্টব্য]**

**গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই কমিটি**

| ক্রমিক নং | সদস্যের পরিচিতি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | উইং প্রধান | আহবায়ক |
| ২। | গবেষণার বিষয়-সংশ্লিষ্ট ইনস্টিটিউশনের ১ (এক) জন পরিচালক | সদস্য |
| ৩। | বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউশন কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ১ (এক) জন একাডেমিশিয়ান বা গবেষক (পিএইচডিসহ বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম সহযোগী অধ্যাপক বা সমপদমর্যাদা সম্পন্ন ব্যক্তি) | সদস্য |
| ৪। | ইনস্টিটিউশনের প্রশাসন উইং সংশ্লিষ্ট উপপরিচালক পর্যায়ের ১ (এক) জন কর্মকর্তা | সদস্য |
| ৫। | রিসার্চ উইং সংশ্লিষ্ট ১ (এক) জন কর্মকর্তা | সদস্য-সচিব |

**পরিশিষ্ট-"গ"**

**[প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (৫) ও (৭) দ্রষ্টব্য]**

**গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটি**

| ক্রমিক নং | সদস্যের পরিচিতি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | উইং প্রধান | আহবায়ক |
| ২। | গবেষণার বিষয়-সংশ্লিষ্ট ইনস্টিটিউশনের ১ (এক) জন পরিচালক | সদস্য |
| ৩। | বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউশন কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ২ (দুই) জন একাডেমিশিয়ান বা গবেষক (পিএইচডিসহ বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম সহযোগী অধ্যাপক বা সমপদমর্যাদা সম্পন্ন ব্যক্তি) | সদস্য |
| ৪। | রিসার্চ উইং সংশ্লিষ্ট ১ (এক) জন কর্মকর্তা | সদস্য-সচিব |

ইনস্টিটিউশনের আদেশক্রমে

**কাজী ইমদাদুল হক**
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)
শিল্প মন্ত্রণালয়।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd